

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.১০৭.২৭.০১১.২১(পার্ট-১).১৪৫৯

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩  
০৯ জুলাই ২০২৬

বিষয় : প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ এর আংশিক ফলাফল ওয়েব পোর্টালে প্রকাশের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফলাফল গত ০৮ জুলাই ২০২৬ প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত ফলাফল ওয়েব পোর্টালে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় লিংক তৈরীর জন্য জনাব মোঃ মেহতাব কায়েস, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়। ফলাফল যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশের পূর্বে তা ওয়েব পোর্টালে আপলোড না করার জন্য তাকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ০৯ জুলাই ২০২৬ সকাল ১০:০০ ঘটিকার ঢাকা বিভাগের ৯টি জেলার ফলাফল ঐ লিংকসমূহে আপলোড করা হয়। এ লিংকসমূহ হতে সাধারণ ব্যবহারকারীগণ ফলাফল ডাউনলোড করে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করে।

এ বিষয়ে পরিচালক (আইএমডি) কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে (কপি সংযুক্ত) জানা যায় যে, লাইভ সার্ভারে লিংক তৈরী এবং আপলোড করার ক্ষেত্রে যে ধরণের নিরাপত্তা প্রটোকল মেনে চলা উচিত ছিল তা অনুসরণ করা হয়নি।

০২। যেহেতু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মেহতাব কায়েস, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর একজন ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা সেহেতু তার উল্লিখিত কর্মকাণ্ডের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

  
শাহীনা ফেরদৌসী  
মহাপরিচালক

সচিব  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩. অফিস কপি।